

৩০ জন শিক্ষক ৫ মাস বেতন পাচ্ছেন না

।।স্টাফ রিপোর্টার।।

শিক্ষা উন্নয়ন খাতের ৩০ জন শিক্ষক-শিক্ষিকা ৫ মাস ধরে বেতন পাচ্ছেন না। এসব শিক্ষক-শিক্ষিকা রাজশাহীর বোয়ালিয়া থানার বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের (৬-২-৮৭, স্মারক নম্বর ৭/২-এ-৫/৮৭/৪৪৫)-এর নির্দেশ মোতাবেক মাসিক বেতনসহ অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন- এই চুক্তিতে নিয়োগপ্রাপ্ত হন। কিন্তু নিয়োগপ্রাপ্তির পর থেকেই বেতন অনিয়মিতভাবে দেয়া হয়ে আসছে। সর্বশেষ তাঁরা গত নভেম্বর থেকে বেতন না পেয়ে দুর্মূল্যের বাজারে বড়ই অসহায় ও মানবেতর জীবনযাপন করছেন।

এ অবস্থায় ঐ শিক্ষক-শিক্ষিকারা তাদেরসহ দেশের উন্নয়ন খাতে নিয়োগকৃত সকল শিক্ষক-শিক্ষিকাকে রাজস্ব খাতে স্থানান্তরিত করা এবং নিয়মিত বেতনপ্রাপ্তির নিশ্চয়তা দেয়ার জন্য সর্বশ্রুতি কর্তৃপক্ষের প্রতি দাবী জানিয়েছেন।